## একটি অভিযোগ দায়ের করার পরে কী আশা করা যায়

আপনি 311 নম্বরে কল করার থেকে আপনার পাওয়া সার্ভিস অনুরোধের নম্বরটি খুঁজে HPDONLINE-এ অথবা আপনার অ্যাপার্টমেন্টের থেকে অভিযোগগুলির মধ্যে থেকে আপনার অভিযোগের স্থিতি দেখে নিন। ইনস্পেক্টর কোনো লঙ্ঘন লিখলে, আপনি, HPDONLINE-এ, কোন সময়ের মধ্যে তার সংশোধন করতে হবে সেটি সহ লঙ্ঘনের বিস্তারিতও দেখতে পারেন।

## আবাসন আদালত

খারাপ রক্ষণাবেক্ষণের অবস্থা বিদ্যমান থাকলে, ভাড়াটেরা লঙ্ঘনগুলি জারি হওয়ার আগে বা পরে আবাসন আদালতে (Housing Court) যেতে পারেন। আদালত অবস্থাগুলি ঠিক করার জন্য বাড়িওয়ালাকে আদেশ দিতে পারে এবং মেনে চলতে ব্যর্থ হলে জরিমানা আরোপ করতে পারে। ফাইল করার জন্য $45-এর একটি ফি আছে, যা আপনি প্রদান করতে না পারলে মউকুফকরা হতে পারে। প্রতিটি বরোতে একটি আবাসন আদালত আছে।

- Manhattan: 111 Centre Street - রুম 225
- Bronx: 1118 Grand Concourse – লবি
- Brooklyn: 141 Livingston Street - রুম 202
- Queens: 89-17 Sutphin Boulevard - দুই তলা
- Staten Island: 927 Castleton Avenue - লবি

আরও জানার জন্য, (212) 962-4795 এ আবাসন আদালতের উত্তরগুলির সাথে যোগাযোগ করুন অথবা housingcourtanswers.org এ যান।

আপনি বিনামূল্যের সহায়তার জন্য যোগ্য হতে পারেন। (212) 577-3300 নম্বরে আইনি সহায়তার সোসাইটি (Legal Aid Society) কে অথবা (212) 431-7200 নম্বরে নিউ ইয়র্ক আইনি সহায়তা (Legal Services of New York) কে কল করুন।

## দুর্নীতির বিরুদ্ধে অভিযোগ

আবাসন ইন্সপেক্টররা তাদের আনুষ্ঠানিক পদক্ষেপকে প্রভাবিত করার জন্য কারও থেকে কোনো ধরনের সুবিধা গ্রহণ করতে পারেন না। কোনো সুবিধা গ্রহণ করা অথবা প্রস্তাব দেওয়া একটি অপরাধ। আবাসন ইন্সপেক্টর এই ধরনের কোনো প্রস্তাবকে সিটির তদন্ত বিভাগ (Department of Investigation)-এর কাছে রিপোর্ট করবে।

ভুল ক্রিয়াকলাপের রিপোর্ট করতে, (212) 369-2364 নম্বরে কল করুন অথবা nyc.gov/doi এ যান। লঙ্ঘনের আদালতে অভিযুক্ত করা হবে।

ADDITIONAL INFORMATION

অতিরিক্ত তথ্যের জন্য অনুগ্রহ করে www.nyc.gov/hpd এ আমাদের ওয়েবসাইটে যান যান অথবা আপনার মোবাইল ডিভাইসের সাথে QR কোডটি স্ক্যান করুন।

## গুরুত্বপূর্ণ তথ্য

- **ভবন বিভাগ (Department of Buildings)** - nyc.gov/buildings
  *ভাঙা বা অনিরাপদ লিফ্ট বা কাঠামোগত সমস্যার জন্য।*
- **আপৎকালীন পরিচালনা (Emergency Management)** - nyc.gov/oem
  *কীভাবে পরিবারের বিপদকালীন পরিকল্পনা, আপৎকালীন সরবরাহ সরঞ্জাম, এবং "গো" ব্যাগ তৈরি করতে হয় সেই নিয়ে তথ্যের জন্য।*
- **প্রতিবন্ধীদের জন্য মেয়রের অফিস (Mayor's Office for People with Disabilities)** - nyc.gov/mopd
- **HPD-এর সাশ্রয়ী আবাসন (Affordable Housing)** - nyc.gov/hpd **অথবা** (212) 863-5610
  *ওপেন লটারি সম্পর্কে আরও জানতে।*
- **গার্হস্থ্য ও লিঙ্গ-ভিত্তিক সহিংসতা শেষ করতে মেয়রের অফিস (Mayor's Office to End Domestic and Gender-Based Violence)** - nyc.gov/endgbv
- **বয়স্কদের জন্য বিভাগ (Department for the Aging)** - nyc.gov/aging

311 নম্বর ডায়াল করে অথবা nyc.gov এ গিয়ে সিটি এজেন্সিগুলির সাথে যোগাযোগ করা যেতে পারে।

- **NY স্টেট গৃহ ও সম্প্রদায় পুনর্নবীকরণ (NY State Homes and Community Renewal)** - hcr.nyc.gov **অথবা** (718) 739-6400
  *ভাড়া-স্থিতিশীল অথবা ভাড়া নিয়ন্ত্রিত ভবনগুলিতে চার্জ করা ভাড়া সংক্রান্ত সমস্যাগুলির জন্য।*
- **শিশু নির্যাতন (Child Abuse) হটলাইন** - (800) 342-3720

For a copy of this pamphlet, go to ABCs of Housing - HPD (nyc.gov)

للحصول على نسخة من هذه النشرة، فضلاً الانتقال إلى دليل أساسيات الإسكان - إدارة الحفاظ على المساكن وتطويرها (nyc.gov)

এই প্রচারপুস্তিকার একটি কপির জন্য, ABCs of Housing - HPD (nyc.gov) এ যান

Pour obtenir une copie de cette brochure, rendez-vous sur ABC du logement - HPD (nyc.gov)

Pou jwenn yon kopi bwochi sa, ale sou ABC Lojman - HPD (nyc.gov)

이 팸플릿 사본을 원하시면 임대주 및 세입자를 위한 주택 수칙(ABCs of Housing) - HPD(nyc.gov) 를 방문하십시오

Kopia tej broszurki jest dostępna na stronie ABC Zakwaterowania - HPD (nyc.gov)

Для получения копии этой брошюры перейдите на веб-сайт HPD (nyc.gov) и найдите руководство «Основы жилищной политики»

Para obtener una copia de este folleto, vaya a El ABC de la Vivienda, HPD (nyc.gov)

اس پرچے کی ایک کاپی کے لیے، ABCs of Housing - HPD (nyc.gov) پر جائیں

如需本宣传册的副本，请访问《住房基础知识》(ABCs of Housing) - HPD (nyc.gov)

NYC
Department of Housing Preservation & Development
nyc.gov/hpd

**ইন্সপেক্টরের ব্যাজ #:** ______

**ইনস্পেকশনের তারিখ:** ____ / ____ / ____

**HPD অভিযোগ #** ______

HPDONLINE

**এই ইনস্পেকশনে জারি করা লঙ্ঘনগুলি দেখতে, এই ইনস্পেকশনের কয়েক দিনের মধ্যে HPDONLINE-এ যান।** সব লঙ্ঘনগুলিকে সম্পত্তির মালিক অথবা সম্পত্তির মালিকের এজেন্টের কাছে রিপোর্ট করা হবে।

* HPDONLINE-এ যেতে আপনার মোবাইল ডিভাইসের সাথে QR কোডটি স্ক্যান করুন।

***আজকের ইনস্পেকশনটি আপনার অ্যাপার্টমেন্ট অথবা ভবনকে কোডের বিধি অনুসরণ করার প্রক্রিয়ার শুধুমাত্র প্রথম ধাপ ছিল। HPD আমাদের কোড বলবৎ করার প্রচেষ্টার কার্যকারিতা বৃদ্ধির জন্য ভাড়াটেরা যাতে অংশীদারের মতো কাজ করেন তার উপর নির্ভর করে। আমরা এই প্রচারপুস্তিকার তথ্যটি মনোযোগ সহকারে পড়ার জন্য আপনাকে সনির্বন্ধ অনুরোধ করি। আবাসন রক্ষণাবেক্ষণের সমস্যাগুলি বিষয়ক আরও তথ্যের জন্য nyc.gov/hpd যান অথবা আবাসনের ABC গুলির (ABCs of Housing) একটি কপির জন্য 311 নম্বরে কল করুন।***

## আপৎকালীন মেরামতির লঙ্ঘন

HPD হয়তো ফোনের মাধ্যমে আপনার সাথে ফলো-আপ করতে পারে কারণ একটি টিক চিহ্নের সাথে এক বা একাধিক লঙ্ঘন জারি করা হচ্ছে:

- ☐ হিট নেই (64 ডিগ্রীর মধ্যে)
- ☐ গরম জল নেই (110 ডিগ্রীর মধ্যে)
- ☐ সীসা/সম্ভাব্য সীসাযুক্ত রং খসে পড়া
- ☐ অনুপস্থিত অথবা ত্রুটিপূর্ণ জানালার গারদ
- ☐ জল নেই
- ☐ বিদ্যুৎ নেই
- ☐ লিক হওয়া জলের ধারা
- ☐ ছত্রাক
- ☐ অ্যাপার্টমেন্টের দরজা নিজে থেকে বন্ধ হয় না
- ☐ অন্যান্য:

HPD প্রয়োজনীয় মেরামতিগুলি করা সম্পর্কে সম্পত্তির মালিকের সাথে যোগাযোগ করবে এবং মেরামতি শুরু বা সম্পূর্ণ হয়েছে কিনা তা যাচাই করার জন্য আপনার সাথে যোগাযোগ করার চেষ্টা করবে। আপনার HPD-এর সাথে জবাব দেওয়া গুরুত্বপূর্ণ এতে আমরা অবস্থাগুলি মেরামতি করার জন্য পরের ধাপগুলি নির্ধারণ করতে পারি!

## অগ্নি নিরাপত্তা (Fire Safety)

### চাবি দিয়ে লক করা জানালাজানালার গেট ও ডাবল সিলিন্ডার লক

যে জানালার গেটগুলির লকের একটি চাবি প্রয়োজন এবং দরজার লককে অ্যাপার্টমেন্টের ভিতর থেকে খোলার জন্য একটি চাবি প্রয়োজন সেগুলি বিপজ্জনক এবং কোনো আগুন লাগার ক্ষেত্রে আপনাকে পালাতে অথবা দমকল বিভাগকে আপনার কাছে পৌঁছাতে বাধা দিতে পারে। নিরাপদ থাকতে তাদের সরিয়ে ফেলুন।

### ধোঁয়া এবং কার্বন মনোক্সাইড শনাক্তকারী

ধোঁয়া ও কার্বন মনোক্সাইড শনাক্তকারী আগুন বা বিপজ্জনক কার্বন মনোক্সাইড গ্যাসের ক্ষেত্রে প্রাণ-বাঁচানোর সতর্কতা প্রদান করে। আপনার বাড়িওয়ালাকে এই ডিভাইসগুলি (অথবা একটি মিলিত ডিভাইস) প্রদান করতে হবে কিন্তু আপনাকে নিশ্চিত করতে হবে যে শনাক্তকারীগুলি যেন ঠিক জায়গায় থাকে, ঠিকঠাক ব্যাটারি থাকে ও কাজ করে।

### নিজে-বন্ধ হওয়া দরজা

তিন বা ততোধিক অ্যাপার্টমেন্ট সহ সমস্ত আবাসিক ভবনে অবশ্যই নিজে থেকে বন্ধ হওয়া দরজা ও সর্বজনীন এলাকার দরজা থাকতে হবে। দরজাগুলিকে কখনই ব্লক করা যাবে না অথবা দরজার নিজে থেকে বন্ধ হওয়া আটকায় এমন ডিভাইস রাখা যাবে না। দরজাগুলি আগুন ও ধোঁয়াকে ভবনের ভিতরে ঢুকতে না দিয়ে ভবনে ছড়িয়ে পড়া থেকে আটকাতে সাহায্য করতে পারে, যা জীবনহানি, আঘাত রোধ করে, ও সম্পত্তির ক্ষতি সীমিত করে।

### লিথিয়াম আয়ন ব্যাটারি

লিথিয়াম আয়ন ব্যাটারি - যা প্রায়ই ই-বাইক এবং ই-স্কুটারের মত মাইক্রো মোবিলিটি ডিভাইসে ব্যবহৃত হয় - চার্জ করার বা সংযোগ বিচ্ছিন্ন করার সময় বিপজ্জনক এবং অতিরিক্ত গরম হতে পারে, প্রায়ই স্বতঃস্ফূর্তভাবে আগুন লেগে যেতে পারে। এগুলো গুরুতর আগুনের কারণ হতে পারে যা দ্রুত ছড়িয়ে পড়ে এবং নিভানো কঠিন। এই ব্যাটারি কখনই বাড়ির ভিতরে চার্জ করবেন না, বিশেষ করে জানালা এবং দরজা সহ প্রস্থান পথের কাছাকাছি, এবং কখনই এক্সটেনশন কর্ড ব্যবহার করবেন না। সবসময় আসল চার্জিং সরঞ্জাম এবং প্রস্তুতকারকের প্রস্তাবিত প্রতিস্থাপন ব্যাটারি ব্যবহার করুন। একটি ব্যাটারি অতিরিক্ত গরম হলে বা আপনি ডিভাইস থেকে গন্ধ, আকৃতি/রঙের পরিবর্তন, ফুটো, বা অদ্ভুত আওয়াজ লক্ষ্য করলে, অবিলম্বে ব্যবহার বন্ধ করুন। ডিভাইসটিকে অপসারণ করা নিরাপদ হলে, আগুন ধরতে পারে এমন কিছু থেকে ডিভাইসটিকে দূরে সরিয়ে দিন এবং 9-1-1 এ কল করুন।

### গ্যাস লিক

আপনি গ্যাসের গন্ধ পেলে অথবা গ্যাস লিক হওয়ার সন্দেহ হলে, তৎক্ষণাৎ ভবন ছেড়ে বেরিয়ে যান ও 911 নম্বরে কল করুন। দমকল বিভাগ (Fire Department) আপনার উদ্বেগগুলিতে সাড়া দেবে।

## আপনার বাচ্চাদের সুরক্ষিত রাখুন

### সীসা-ভিত্তিক রং

সীসা-ভিত্তিক রং আপনার বাচ্চার বিষক্রিয়া ঘটাতে পারে। সীসা-ভিত্তিক রঙের বিপদ এবং কীভাবে আপনি আপনার পরিবারকে রক্ষা করতে পারেন সেই বিষয়ক তথ্যের একটি প্রচারপুস্তিকা এই ইনস্পেকশনের সময় আপনাকে দেওয়া হবে। এটি মনোযোগ সহকারে পড়ুন এবং আরও তথ্যের জন্য 311 নম্বরে কল করুন।

### জানালার গার্ড

যথাযথভাবে ইনস্টল করা জানালার গার্ড বাচ্চাদের খোলা জানালা থেকে পড়ে যাওয়া আটকাতে ও গুরুতরভাবে আহত হওয়া বা মৃত্যুর থেকে বাঁচাতে পারে। সব অ্যাপার্টমেন্টে অনুমোদিত জানালার গার্ড এবং যেখানে 10 বা তার কম বয়সী বাচ্চা থাকলে অথবা আপনি অনুরোধ করলে তিন বা বেশি অ্যাপার্টমেন্টযুক্ত ভবনে সর্বজনীন হলওয়েতে জানালা থাকা প্রয়োজন।

## তাপ ও গরম জল

ভবনের মালিকদের আইনত তাদের ভাড়াটেদের তাপ ও গরম জল প্রদান করা প্রয়োজন। গরম জলকে 120 ডিগ্রী ফারেনহাইটের একটি অপরিবর্তনীয় ন্যূনতম তাপমাত্রায় প্রতি বছর 365 দিন প্রদান করতে হবে। নিম্নলিখিত অবস্থার অধীনে 1লা অক্টোবর থেকে 31শে মের মধ্যে, অর্থাৎ, "তাপের মৌসুমে", নিম্নলিখিত শর্তাবলীর অধীনেতাপ প্রদান করতে হবে:




## আপনার স্বাস্থ্য

### ছত্রাক, ইঁদুর, আরশোলা, ও বড় ইঁদুর

ছত্রাক, ইঁদুর, আরশোলা, ও বড় ইঁদুরের কারণে কিছু কিছু লোকের অ্যালার্জিঘটিত প্রতিক্রিয়া, চুলকানি, বা হাঁপানি হতে পারে। ভিতরে থাকা অ্যালার্জেনের বিপদ এবং কীভাবে আপনি আপনার পরিবারকে রক্ষা করতে পারেন সেই বিষয়ক তথ্যের একটি প্রচারপুস্তিকা এই ইনস্পেকশনের সময় আপনাকে দেওয়া হবে। এটি মনোযোগ সহকারে পড়ুন এবং আরও তথ্যের জন্য 311 নম্বরে কল করুন। 2018 সালের স্থানীয় আইন 55 অনুসারে একাধিক বাসস্থানের মালিকদের ভাড়াটেদের অ্যাপার্টমেন্টগুলিকে ছত্রাক ও পোকামাকড়মুক্ত রাখতে হবে।

## হয়রানি ও উৎখাত

### ভাড়াটের হেল্পলাইন (TENANT HELPLINE)

বাড়িওয়ালার থেকে হয়রানির অভিজ্ঞতা লাভ করা, উৎখাতের ঝুঁকিতে থাকা অথবা হয়রানির এক ধরন হিসেবে তাদের বাড়িওয়ালার দায়িত্ব না নেওয়া মেরামতি তাদের বাড়িতে করানো নিউ ইয়র্কবাসীরা ভাড়াটের হেল্পলাইনে যোগাযোগ করতে পারেন। ভাড়াটের হেল্পলাইন হল সরকারী সংশ্লিষ্টতার ইউনিট (Public Engagement Unit, PEU) ভাড়াটের সহায়তা ইউনিটের (Tenant Support Unit, TSU)-এর কেন্দ্রীয় হাব যা পাঁচটি বরোর সবগুলিতে ভাড়াটেদের প্রোগ্রাম, আইনি সহায়তা, ও কমিউনিটির সংস্থানগুলির সাথে সংযুক্ত করে। আপনি ভাড়াটের হেল্পলাইনে অথবা 311 নম্বরে কল করে যোগাযোগ করতে পারেন। বাড়িওয়ালা বা মালিকদের দ্বারা হয়রানির মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে:

- লিজ বা পুনর্নবীকরণ অফার না করা অথবা বারবার বাইআউট অফার করা
- অযৌক্তিক উচ্ছেদের বিজ্ঞপ্তি অথবা বেআইনি লকআউট
- হুমকি ও ভয় দেখানো, যেমন গভীর রাতে ফোন করা
- একটি ভাড়া-নিয়ন্ত্রিত অ্যাপার্টমেন্টের জন্য বেশি ভাড়া নেওয়া
- প্রয়োজনীয় মেরামতি বা ইউটিলিটি প্রদান করতে ব্যর্থ হওয়া
- ইচ্ছা করে নির্মাণ সংক্রান্ত সমস্যাগুলি করা যেমন কাজের সময়ের পরে কাজ করা বা অতিরিক্ত ধুলো বা জঞ্জাল সরাতে ব্যর্থ হওয়া
- তাপ, জল, ও বিদ্যুতের মতো অত্যাবশ্যক পরিষেবাগুলি বারবার বাধা দেওয়া

আপনি একটি ভাড়া-নিয়ন্ত্রিত বা ভাড়া-স্থিতিশীল অ্যাপার্টমেন্টে থাকলে, আপনি (718) 739-6400 নম্বরে নিউ ইয়র্ক স্টেট গৃহ ও সম্প্রদায় পুনর্নবীকরণ -এ কল করে হয়রানি সম্পর্কে আরও তথ্য পেতে পারেন। আপনি নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল (New York State Attorney General) অফিসেও একটি তথ্য এবং অভিযোগ লাইন আছে: (800) 771-7755।